

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় উপপরিচালকের কার্যালয়
প্রাথমিক শিক্ষা
রাজশাহী বিভাগ, রাজশাহী

স্মারক নং: ৩৮.০৫.৮১০০.০০০.০০০.৯৮.০০০১.২৫-৮৫৮/৬

তারিখ: ২৮/০৯/২০২৫ খ্রি.

বিষয়: রাজশাহী বিভাগের প্রাথমিক শিক্ষার গুণগত মান উন্নয়ন বিষয়ক সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে নির্দেশনাসমূহ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রাজশাহী বিভাগের প্রাথমিক শিক্ষার গুণগত মান উন্নয়ন বিষয়ক সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে নিম্নলিখিত নির্দেশনাসমূহ বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো:

- ১। ৪র্থ, ৭ম ও ৮ম শ্রেণির সকল শিক্ষার্থীদের টার্গেট গ্রুপ হিসেবে নিয়ে বিশেষ নজর দিতে হবে যেন বাংলা, গণিত ও ইংরেজী বিষয়ে সকলেই আবশ্যিকভাবে কৃতকার্য হয়। অন্যান্য বিষয়ের অগ্রগতির প্রতিও নজর দিতে হবে।
- ২। সরকারি নির্দেশনা মোতাবেক বেজলাইন সার্ভের আলোকে বাস্তবতা যাচাই করে প্রতিটি বিদ্যালয়ে কোন কোন শিক্ষার্থী বাংলা ও ইংরেজী বিষয়ে নিজ পাঠ্যবই রিডিং এ দুর্বল তা উপজেলা সহকারী প্রাথমিক শিক্ষা অফিসারগণ সংশ্লিষ্ট প্রধান শিক্ষকের সাথে পর্যালোচনা করবেন এবং বিদ্যমান অবস্থার উন্নয়নে কার্যক্রম গ্রহণ ও অব্যাহত রাখবেন।
- ৩। সরকারি নির্দেশনার বাইরে পরীক্ষা নেয়া থেকে বিরত থাকতে হবে। শিক্ষার্থীদের মান যাচাইয়ের জন্য হাতের লেখা, মৌখিক মূল্যায়ন ইত্যাদি করতে হবে যেন শিক্ষার্থীদের উপর মনসিক চাপসহ কোন বিরূপ প্রভাব না পড়ে।
- ৪। শিক্ষার গুণগত মান উন্নয়নের জন্য সকল শিক্ষার্থীর মৌলিক ভাষা জ্ঞান ও গণিত বিষয়ের উপর জোর দিতে হবে। অপেক্ষাকৃত দুর্বল স্কুলগুলো তদারকি জোরদার ও অব্যাহত ফলোআপ করতে হবে।
- ৫। খেলাধুলার জন্য শিক্ষার্থীদের সময় দিতে হবে এবং নৈতিক শিক্ষার উপর জোর দিতে হবে।
- ৬। “সপ্ত স” অনুসরণ করে বিদ্যালয়ের শিক্ষার্থীদের বাংলা হাতের লেখা উন্নয়নের পদক্ষেপ নিতে হবে।
- ৭। সাময়িক পরীক্ষার খাতাগুলো মূল্যায়ন করে অকৃতকার্য শিক্ষার্থী কেন খারাপ করল তা নিরাময়ের ব্যবস্থা নিতে হবে। মা সমাবেশের মাধ্যমে মা ও অভিভাবকগণকে জানাতে হবে এবং শিক্ষার্থীর মানোন্নয়নের জন্য ধারাবাহিক ফলোআপসহ সহযোগিতামূলক কার্যক্রম অব্যাহত রাখতে হবে।
- ৮। আবশ্যিকভাবে সকল শিক্ষার্থী যেন বাংলা, গণিত ও ইংরেজী বিষয়ে কৃতকার্য হয় সে বিষয়ে শিক্ষকগণকে সর্বোচ্চ সচেতন থাকতে হবে।
- ৯। সম্প্রতি ২ (দুই) টি বিদ্যালয় পরিদর্শনে জানা যায় শিক্ষকবৃন্দের কেউ কেউ ছাত্র ছাত্রীদের প্রাইভেট পড়ান। এ বিষয়ে সরকারি নির্দেশ যথযথ অনুসরণ করতে হবে এবং বিধিগত ব্যবস্থা নিতে হবে।


মোঃ সানাউল্লাহ
বিভাগীয় উপপরিচালক (চঃদাঃ)
প্রাথমিক শিক্ষা
রাজশাহী বিভাগ, রাজশাহী।
টেলিঃ ০২৫৮৮৮৫৫৫৮৭।

- ১। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল), রাজশাহী বিভাগ।
- ২। উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল), রাজশাহী বিভাগ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জন্য প্রেরিত হলো:

- ১। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
[সদয় দৃষ্টি আকর্ষণ: পরিচালক (পলিসি ও অপারেশন)।]
- ২। বিভাগীয় কমিশনার, রাজশাহী।
- ৩। সুপারিনটেনডেন্ট, পিটিআই (সকল), রাজশাহী বিভাগ।
- ৪। অফিস কপি।